

২।বৃহস্পতিবার,২৫জানুয়ারি, ২০২৪

যোগীকে অভিনন্দন রাম নায়েকের

লখনউ, ২৪ জানুয়ারি : উত্তর প্রদেশ রাজ্যের প্রতিষ্ঠা দিবসে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথকে শুভেচ্ছা জানিয়েছেন প্রাক্তন রাজ্যপাল রাম নায়েক। উত্তর প্রদেশের প্রাক্তন রাজ্যপাল রাম নায়েক বুধবার উত্তর প্রদেশের প্রতিষ্ঠা দিবসে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথকে ফোনে অভিনন্দন জানিয়েছেন। নায়েক, মুখ্যমন্ত্রীকে বলেন, শ্রী রাম মন্দির নির্মাণের কারণে সারাবিশ্ব উত্তর প্রদেশের দিকে আকৃষ্ট হয়েছে। শ্রী রাম মন্দির প্রতিষ্ঠার ফলে আজকের প্রতিষ্ঠা

প্যারিস অলিম্পিক্স হকিতে কঠিন গ্রুপে ভারত, প্রতিপক্ষদের দেখে নেওয়া যাক

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি : অলিম্পিকে গত বারের ব্রোঞ্জ জয়ী প্যারিসে এশিয়ার এক মাত্র প্রতিদ্বন্দী বিশ্ব ক্রমতালিকায় এখন তৃতীয় স্থানে রয়েছেন হরমনপ্রীতেরা। প্যারিস অলিম্পিক্সে অংশ নিচ্ছে ১২টি দল। দু’টি গ্রুপ বা পুলে ভাগ করা হয়েছে দলগুলিকে। ‘পুল ‘ রয়েছে ভারত। ভারতকে পেরে রাউন্ডে যেতে হবে একাধিক শক্তিশালী দলকে হারাতে হবে।ভারতের সঙ্গে ‘পুল ‘ রয়েছে বেলজিয়াম, অস্ট্রেলিয়া, আর্জেন্টিনা, নিউ জিল্যান্ড এবং আয়ারল্যান্ড। বেলজিয়াম এখন রয়েছে বিশ্ব ক্রমতালিকায় দ্বিতীয় স্থানে। এ ছাড়াও বিশ্ব হকিতে খেপ্ত শক্তিশালী দল হিসাবে পরিচিত অস্ট্রেলিয়াও। গত অলিম্পিক্সে রুপো জিতেছিল অস্ট্রেলিয়া। বিশ্ব ক্রমতালিকায় ভারতের স্থান এখন তৃতীয়। অলিম্পিক্সের পুল ‘ নেদারল্যান্ডসের সঙ্গে রয়েছে জার্মানি, গ্রেট ব্রিটেন, স্পেন, ফ্রান্স এবং দক্ষিণ আফ্রিকা। প্রতি পুলের সেরা চারটি দল কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করবে। সে ক্ষেত্রে নকআউট পর্বে যেতে ভারতীয় দলকে পুলের অন্তত দু’টি ম্যাচ জিততেই হবে। প্যারিস অলিম্পিক্স হওয়ার কথা আগামী ২৬ জুলাই থেকে ১১ অগস্ট। হকি শুরু হবে ২৭ জুলাই। ফাইনাল ৯ অগস্ট।

প্রাক-অলিম্পিকঃ বিস্ময় বালকের গোলে জিতল ব্রাজিল

সাওপাওলো, ২৪ জানুয়ারি :প্রাক-অলিম্পিক টুর্নামেন্টে জয় পেল ব্রাজিল। রিয়াল মাদ্রিদের বিস্ময় বালক এন্দরিক ফিলিপের গোলে কনমেবল প্রাক-অলিম্পিকে জয় পেল ব্রাজিল। মঙ্গলবার (২৩ জানুয়ারি) রাতে নিজেদের প্রথম ম্যাচে বলিভিয়ার অনূর্ধ্ব-২৩ দলকে ১-০ গোলে হারল পাঁচবারের বিশ্ব চ্যাম্পিয়ন ব্রাজিল। ১৭ বছর বয়সী এন্দররিক বিস্ময় বালকের অ্যাখ্যা পেয়েছেন অনেক আগেই।প্রথমে তিনি রিয়াল মাদ্রিদের মতো দলের নজর কাভেনে। এরপর তাকে দলে ভোঁায় স্প্যানিশ ক্লাবটি। সেই তারকার গোলেই বলিভিয়ারকে হারিয়েছে ব্রাজিল অলিম্পিক দল। এই জয়ে কনমেবল প্রাক- অলিম্পিক টুর্নামেন্টের ‘ গ্রুপের পয়েন্ট টেরিলে দুই নম্বরে উঠে এল ব্রাজিল। ৩ পয়েন্ট শুধেও গোাল ব্যবধানে এগিয়ে থাকায় সবার উপরে ইকুয়েডর। ‘গ্রুপে ৩ পয়েন্ট নিয়ে শীর্ষে আছে পেরু। ১ পয়েন্ট নিয়ে আর্জেন্টিনার অবস্থা দুইয়ে।

দুর্ঘটনার কবলে হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস, হতাহতের খবর নেই

পূর্ব বর্ধমান, ২৪ জানুয়ারি : পূর্ব বর্ধমান জেলায় দুর্ঘটনার কবলে পড়ল আপ হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস, হতাহতের খবর নেই পূর্ব বর্ধমান, ২৪ জানুয়ারি : পূর্ব বর্ধমান জেলায় দুর্ঘটনার কবলে পড়ল আপ হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস। গ্লটফর্মের গা থেঁমে ঘষটিতে ঘষটিতে ছোটো ক্রতগামী ট্রেনটি। তাতে বেশ কয়েকটি কামরার পাদানি ভেঙে যায়। এর ফলে প্রায় এক ঘণ্টা ভেদিয়া স্টেশনে দাঁড়িয়ে ছিল আপ হাওড়া-নিউ জলপাইগুড়ি বন্দে ভারত এক্সপ্রেস। কোনও কারণে গ্লটফর্মের সঙ্গে ধাক্কা লাগার জন্যই একাধিক কামরার পাদানি ভেঙে যায়। খবর পাওয়ার সঙ্গে সঙ্গে তপস হন রেলকর্মীরা। প্রায় ঘণ্টাখানেক ধরে মোকামতির পর ট্রেনটি আবার গন্তব্যের উদ্দেশে রওনা দেয়।

ভারতীয় সমাজ ও রাজনীতিতে অবিস্মরণীয় ছাপ রেখে গিয়েছেন কর্পূরী ঠাকুরঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৪ জানুয়ারি :বিশিষ্ট জননায়ক কর্পূরী ঠাকুরকে ভারতরত্ন সম্মান প্রদানের এই ঘোষণায় সন্তোষ ব্যক্ত করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বুধবার সকালে সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী মোদী জানান, জন্মশতবর্ষে জননায়ক কর্পূরী ঠাকুরজিকে আমার শ্রদ্ধা নিবেদন করছি। এই বিশেষ

উপলক্ষ্যে আমাদের সরকার তাঁকে ভারতরত্ন প্রদানের সম্মান পেয়েছে।প্রধানমন্ত্রী মোদী আরও জানান, সমাজের প্রান্তিক মানুষ ও অন্ত্যজদের ক্ষমতায়নে তাঁর নিরলস প্রচেষ্টা এর মাধ্যমে স্বীকৃতি পেল। নিপীড়িত ও অবহেলিতদের অবস্থার মানোন্নয়নে কর্পূরী ঠাকুর ভারতের সামাজিক ও রাজনৈতিক মানচিত্রে

যে অবস্মরণীয় অবদান রেখেছেন, তার স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার ভারসাম্য যুক্ত সমাজ গঠনে সকলকে উৎসাহিত করবে বলেও প্রধানমন্ত্রী মোদী আশ্বা ব্যক্ত করেন। প্রধানমন্ত্রীর মতে, ভারতীয় সমাজ ও রাজনীতিতে অবিস্মরণীয় ছাপ রেখে গিয়েছেন কর্পূরী ঠাকুর।উল্লেখ্য, বিহারের

প্রাক্তন মুখ্যমন্ত্রী কর্পূরী ঠাকুরকে এবার মরণোত্তর ভারতরত্ন সম্মানে ভূষিত করা হবে। রাষ্ট্রপতি ভবন সূত্রে এই খবর জানানো হয়েছে। বিশিষ্ট এই সমাজসেবীকে তাঁর শততম জন্মবার্ষিকীর আগের দিনই দেশের সর্বোচ্চ এই অসমারিক সম্মান জানানোর কথা ঘোষণা করা হয়।

সময় ভালো যাচ্ছে ট্রান্স্পের, প্রেসিডেন্ট হওয়ার লড়াইয়ে জয় প্রাথমিক নির্বাচনের গুরুত্বপূর্ণ আসনে

ওয়াশিংটন, ২৪ জানুয়ারি :সময় ভালোই যাচ্ছে আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের। প্রেসিডেন্ট হওয়ার লড়াইয়ে ট্রাম্প জয়ী হয়েছেন প্রাথমিক নির্বাচনের গুরুত্বপূর্ণ আসনে। মঙ্গলবার (আমেরিকার সময় অনুযায়ী) নিউ হ্যাম্পশায়ারের রিপাবলিকান প্রেসিডেন্টের প্রাথমিক (প্রাইমারি)

নির্বাচনে জয় পেলেন ট্রাম্প। অন্যদিকে, যে ভাবে প্রচারে না নেমেও ওই একই আসনে ডেমোক্রাটদের হয়ে জয় পেয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন।নিউ হ্যাম্পশায়ার একটি গুরুত্বপূর্ণ আসন। সেই আসনে প্রাথমিক নির্বাচনের জয়ের কারণে ট্রাম্প রিপাবলিকান প্রেসিডেন্ট পদের জন্য

মনোনয়ন পেতে এবং হোয়াইট হাউস দখলের জন্য বাইডেনের সঙ্গে সরাসরি প্রতিদ্বন্দ্বীতায় নামার ক্ষেত্রে অনেকটাই এগিয়ে গেলেন। তবে, ‘নিউ হ্যাম্পশায়ারের আসনে জেতার পর তাঁর একমাত্র প্রতিদ্বন্দ্বী তথা তাঁরই প্রাক্তন অধস্তন নিকি হ্যা্লি প্রতিযোগিতার বাইরে থাকলেন

কি না, তা এখনও স্পষ্ট নয়। ১৪ শতাংশ ভোট গণনা করার পর দেখা যায়, হ্যা্লির থেকে ট্রাম্প অনেকটাই এগিয়ে রয়েছেন। প্রসঙ্গত, আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনের প্রাথমিক পর্বে ডেমোক্র্যাট এবং রিপাবলিকান, এই দু’টি দলের অন্ত্যন্তরে নির্বাচন হয়।

রেশন দুর্নীতির তদন্তে শাহজাহানের বাড়িতে ইডি, তালা ভেঙে ভিতরে ঢুকলেন তদন্তকারীরা

সদেশখালি, ২৪ জানুয়ারি : রেশন দুর্নীতি মামলার তদন্তে ফের শেখ শাহজাহানের বাড়িতে অভিযান চালাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। বুধবার সকালে পুরোদস্তুর প্রস্তুতি নিয়ে, উত্তর ২৪ পরগনার বদেস্তখালিতে শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি অভিযান চালাতে আসেন ইডি-র আধিকারিকরা। তালা ভেঙে ভিতরে শাহজাহানের বাড়ির

ভিতরে টোকেন ইডি-র আধিকারিকরা।ইডি-র আধিকারিকরা যখন ভিতরে, তখন জনের একটি দল বুধবার সকাল সাতটা নাগাদ সৌঁছয় শাহজাহানের বাড়িতে।কেন্দ্রীয় বাহিনীর জওয়ানেরা। জওয়ানদের সঙ্গে রয়েছে কাদানে গ্যাস। ন্যাজট থানা থেকে মোতায়েন করা হয়েছে পুলিশ। শাহজাহানের বাড়ির মূল দরজার সামনে পাহারায় রয়েছে রাজ্য

পুলিশও। ইডি সূত্রে খবর, ২৫টি গাড়িতে ১২৫ জনেরও বেশি কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের নিয়ে সাত জনের একটি দল বুধবার সকাল সাতটা নাগাদ সৌঁছয় শাহজাহানের বাড়িতে।কেন্দ্রীয় বাহিনীর জওয়ানের মাথায় হেলমেট, হাতে গার্ড পরে সব রকম ভাবে প্রস্তুতি নিয়ে এসেছেন। ইডি শাহাজাহানের বাড়িতে পৌঁছলে তাঁদের কাছে তল্লাশির পরোয়ানা

রামলালার দর্শনে ভিড় উপচে পড়ছে অযোধ্যায়, তংপর পুলিশ ও প্রশাসন

অযোধ্যা, ২৪ জানুয়ারি : শ্রী রামমন্দির ও রামলালার দর্শনের জন্য ভক্তদের ভিড় উপচে পড়েছে রামনগরী অযোধ্যায়। রামলালাকে দেখতে দূরদূরান্ত থেকে এখন অযোধ্যায় আসছেন ভক্তরা, ভক্তদের ভিড় সামাল দিতে হিমশিম খাচ্ছে পুলিশ ও প্রশাসন। তবে, ভক্তদের যাতে কোনও রকম সমস্যা না হয়, সে জন্য পুলিশ ও প্রশাসন তংপর

রয়েছে।রামলালার প্রাণ প্রতিষ্ঠার তৃতীয় দিন, বুধবার ভোর থেকেই রামপথে ভিড় বাড়তে থাকে ভক্তদের। অযোধ্যা রেল্লের আইজি প্রবীণ কুমার বলেছেন, ভিড় অবিরাম, তবে প্রস্তুতি সম্পূর্ণ। আমরা বৃদ্ধ এবং দিব্যাংদের দুই সপ্তাহ পরে নিজেদের সফরের সময়সূচী করার জন্য আবেদন করছি। র‍্যাফ ডেপুটি কমান্ড্যান্ট অরুণ কুমার

তিওয়ারি বলেছেন, ভক্তরা যাতে কোনও অসুবিধার সম্মুখীন না হন, আমরা তা নিশ্চিত করব। প্রায় এক হাজার জওয়ানকে মন্দিরের ভিতরে এবং বাইরে মোতায়েন করা হয়েছে। এই মোতায়েন আগামী কয়েকদিন বজায় থাকবে।প্রাণ প্রতিষ্ঠার তৃতীয় দিনে অযোধ্যা রাম মন্দিরে বিপুল সংখ্যক ভক্তের আগমনের প্রেক্ষিতে উত্তর

প্রদেশের মুখ্য সচিব (স্বরাষ্ট্র) সঞ্জয় প্রসাদ এবং ডিজি আইনশৃঙ্খলা প্রশান্ত কুমার মন্দিরের ‘গর্ভগৃহ’-এর ভিতরে উপস্থিত রয়েছেন। ভক্তদের সশৃঙ্খল গতিবিধি পর্যবেক্ষণ করছেন তারা। ডিজি আইনশৃঙ্খলা প্রশান্ত কুমার বলেছেন, প্রচুর সংখ্যক ভক্ত এখানে জড়ো হয়েছেন। মানুষের ইতিবাচক সাড়া মিলছে।

বিভিন্ন মেডিক্যাল কলেজ এবং অন্যান্য হাসপাতালে সঠিক সময়ে খুলছে না বহির্বিভাগ, ক্ষুব্ধ স্বাস্থ্য ভবন!

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ স্বাস্থ্য ভবনের নিয়মানুযায়ী শহর ও জেলার বিভিন্ন মেডিক্যাল কলেজ এবং অন্যান্য হাসপাতালে সকাল ৯টায় চালু করতে হবে বহির্বিভাগ। কিন্তু অধিকাংশ সরকারি হাসপাতালই সেই নিয়ম মেনে চলছে না। এই পর্যবেক্ষণ খোদ স্বাস্থ্য ভবনের। কারণ, ওই নির্দিষ্ট সময়ে পরিষেবা চালু হওয়ার মিনিট পরেরোর মধ্যেই স্বাস্থ্য দফতরে রিপোর্ট জমা দেওয়ার কথা। অধিকাংশ হাসপাতালই যা করছে না। বিষয়টি নিয়ে উপ্মা প্রকাশ করে সমস্ত মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ

এবং জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের সতর্ক করেছে স্বাস্থ্য দফতর। এক কর্তার কথায়, ‘দিকে সকাল ৯টায় বহির্বিভাগ চালু করে সওয়া ৯টার মধ্যে নির্দিষ্ট ফরম্যাটে রিপোর্ট জমা পড়ছিল। কিন্তু সম্প্রতি অধিকাংশ হাসপাতালই আর সেটা করছে না।’ ফলে, ওই সমস্ত হাসপাতাল যে সকাল ৯টায় বহির্বিভাগ পুরোদনে চালু করছে না, তা বোঝা যাচ্ছে বলেও মত স্বাস্থ্য আধিকারিকদের। তাদের পর্যবেক্ষণ, ঠিক সময়ে পরিষেবা চালু না হওয়ার কারণেই দুপুর-বিকেল পর্যন্ত বহু বহির্বিভাগে রোগীদের ভিড় থাকছে।

রোগীদের ডাক্তার দেখাতে দীর্ঘ সময় অপেক্ষা করতে হচ্ছে। তাতে সরকারি স্বাস্থ্য পরিষেবার প্রতি যৌন অসন্তোষ তৈরি হচ্ছে, অনিয়মিত চিকিৎসা পরিষেবাও ব্যাহত হচ্ছে।শহর ও জেলার বিভিন্ন মেডিক্যাল কলেজ এবং অন্যান্য হাসপাতালে আসা রোগীদের একটি বড় অংশের সতর্ক প্রতীদিনই অভিযোগ ওঠে, বহির্বিভাগ ঠিক সময়ে চালু হচ্ছে না। আবার হলেও, সেখানে সিনিয়র চিকিৎসকেরা ঠিক সময়ে আসছেন না। স্বাস্থ্য দফতরের তরফে জানানো হয়েছে, প্রতিটি হাসপাতালের উপাধ্যক্ষ, সুপার,

ব্লক স্বাস্থ্য আধিকারিককে রিপোর্ট পাঠানোর ওই নিয়ম মেনে চলতেই হবে। প্রতিটি জেলার ডেপুটি সিএমওএচএ (১)-কে নোডাল অফিসার করা হয়েছে। তাঁকে দায়িত্ব নিয়ে দেখতে হবে, ওই জেলার সমস্ত হাসপাতাল থেকে রিপোর্ট জমা পড়ছে কি না। আবার, মেডিক্যাল কলেজগুলিতে সকাল ৯টায় বহির্বিভাগ চালু করা এবং ৯টা ১৫-র মধ্যে সেই রিপোর্ট স্বাস্থ্য ভবনে পাঠানো নিশ্চিত করতে উপাধ্যক্ষকে সহযোগিতা করবেন অ্যাডিশনাল মেডিক্যাল সুপার।

বহিস্কার করা হল এসএসএসির পশ্চিমাঞ্চলের চেয়ারম্যান!

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ বেআইনি ভাবে স্ত্রীকে চাকরি দেওয়ার অভিযোগে এসএসসির পশ্চিমাঞ্চলের চেয়ারম্যানের পদ থেকে শেখ সিরাজউদ্দিনকে বহিস্কার করা হয়েছে। কলকাতা হাই কোর্টে জানিয়ে দিল রাজ্য। বুধবার আদালতে রাজ্য জানিয়েছে মনোি মামলায় আদালতের নির্দেশ নিয়েই কাজ হয়েছে। সোমবার বিচারপতি বিশ্বজি বসুর মন্তব্য ছিল, ‘ চেয়ারম্যানকে অবিলম্বে হেফাজতে নেওয়া দরকার।’ বুধবার সেই মামলার শুনানিতে রাজ্য জানিয়ে দিচ্ছে ইতিমধ্যে বহিস্কৃত হয়েছেন



শেখ সিরাজউদ্দিন। মুর্শিদাবাদের গোথা হাই স্কুলের নিয়োগ দুর্নীতি মামলার তদন্ত করছে সিআইডি। ওই ঘটনায় অভিযুক্তদের গ্রেফতার

করেছে রাজ্য তদন্তকারী সংস্থা। বেআইনি নিয়োগ নিয়ে আরও তদন্ত শুরু করেছে তারা। সেই তদন্তে উঠে আসে এসএসসির পশ্চিমাঞ্চলের

চেয়ারম্যানও স্ত্রী জাসমিন খাতুনকে নিয়ম-বহির্ভূত ভাবে চাকরি পাইয়ে দিয়েছেন। ওই চেয়ারম্যানের বিরুদ্ধে অভিযোগ, পানেশ্বের মোয়াদ উত্তীর্ণ হওয়ার পরেও ওই চাকরি পাইয়ে দেন তারা। আদালতের তথ্য অনুযায়ী, ২০১১ সালে পরীক্ষা দেন সিরাজের স্ত্রী জাসমিন। ২০১৫ সালে ওই চাকরির প্যানেলের মোয়াদ শেষ হয় অভিযোগ, ২০১৯ সালে মোয়াদ উত্তীর্ণ সেই প্যানেল থেকেই চাকরি পেয়ে গিয়েছেন জাসমিন নামে ওই চাকরিপ্রার্থী। যা নিয়ে সোমবার বিচারপতি বসু মন্তব্য করেছিলেন, ‘ খতিয়ে দেখে *অবিলম্বে পদক্ষেপ করুন।’*

প্রজাতন্ত্র দিবস উপলক্ষ্যে সবরকম প্রস্তুতি তুঙ্গে, কর্তব্যপথে দক্ষতা প্রদর্শনে প্রস্তুত তিন বাহিনী



নয়াদিল্লি, ২৪ জানুয়ারি :আগামী ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র তন্ত্র দিবসের কূচকাওয়াজে অংশ নিতে ভারতের সশস্ত্র বাহিনীর সব ধরনের প্রস্তুতি নিয়েছে। ভারতীয় সেনা, নৌ এবং বিমান বাহিনী দিল্লির কর্তব্যপথে নিজদের দক্ষতা প্রদর্শনের জন্য সম্পূর্ণ প্রস্তুত। ভারতীয় সেনার তরফে জানানো হয়েছে, এ বছর প্রজাতন্ত্র দিবসের কূচকাওয়াজে মূলত ‘ ভারত’, নারী শক্তি এবং আত্মনির্ভরতার উপর জোর দেওয়া হচ্ছে।ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রো প্রজাতন্ত্র দিবসের প্রধান অতিথি হিসেবে এবার উপস্থিত থাকবেন। তাঁর সঙ্গে থাকবেন সে দেশের ৯৫ সদস্যের এক প্রতিনিধিদল, যার নেতৃত্বে থাকছেন ক্যাপ্টেন লুইস। এদিকে, প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামী বৃহস্পতিবার, ২৫ জানুয়ারি জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

২৫ জানুয়ারি জয়পুরে আসছেন ফরাসি প্রেসিডেন্ট , রাজস্থানের দর্শনীয় স্থান ঘুরে দেখবেন ম্যাক্রোঁ



নয়াদিল্লি, ২৪ জানুয়ারি :ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ প্রজাতন্ত্র দিবসের প্রধান অতিথি হিসেবে এবার উপস্থিত থাকবেন। ২৫ জানুয়ারি প্রথমে জয়পুরে আসবেন তিনি। ওই দিনই ফরাসি প্রেসিডেন্ট ম্যাক্রোঁ রাজস্থানের আম্বার ফোর্ট, যম্ভর মন্দির এবং হাওয়া মহল পরিদর্শন করবেন। জয়পুরেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি। পরে রাতে প্রেসিডেন্ট ম্যাক্রোঁ দিল্লি পৌঁছবেন।২৬ জানুয়ারি প্রেসিডেন্ট ম্যাক্রোঁ প্রধান অতিথি হিসাবে প্রজাতন্ত্র দিবসের কূচকাওয়াজ প্রত্যক্ষ করবেন এবং পরে রাষ্ট্রপতি ভবনে ভারতের রাষ্ট্রপতিরা ‘আর্ট হোম’ সংবর্ধনায় যোগ দেবেন। ফরাসি প্রেসিডেন্টের সঙ্গে থাকবেন সে দেশের ৯৫ সদস্যের এক প্রতিনিধিদল, যার নেতৃত্বে থাকছেন ক্যাপ্টেন লুইস।

শীতে কাঁপছে হরিয়ানা, প্রথম থেকে পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের ছুটি বাড়ল ২৭ জানুয়ারি পর্যন্ত

চণ্ডীগড়, ২৪ জানুয়ারি : কনকনে ঠান্ডায় জনজীবন বিপর্য হরিয়ানায়, প্রবল শৈতপ্রবাহে দুর্বিধ অবস্থা রাজ্যবাসীরা। আর এই ঠান্ডার প্রেক্ষিতেই প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের ছুটি বাড়ালো হরিয়ানা সরকার। আগামী ২৭ জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে স্কুলে। বুধবার হরিয়ানা সরকার জানিয়েছে, শৈতপ্রবাহের কারণে হরিয়ানার স্কুলে প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের ছুটি আগামী ২৭ জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে।সমগ্র হরিয়ানায় শীতের দাপট বজায় রয়েছে, একইসঙ্গে থাকছে ঘন কুয়াশার দাপট। শীত ও কুয়াশার কারণে রোজই প্রভাবিত হচ্ছে সড়াকবিক জনজীবন। হরিয়ানার কোথাও কোথাও ৩ ডিগ্রির নীচেও নেমে যাচ্ছে তাপমাত্রা। মাত্রান্তরিত এই ঠান্ডার জন্যই ছোটদের ব্রসে ছুটি বাড়ানোর সিদ্ধান্ত নিল হরিয়ানা সরকার।

কন্যাদের শিক্ষিত হতে হবে বড় স্বপ্ন দেখতে হবে, জাতীয় শিশু কন্যা দিবসে বার্তা মোহন যাদবের

ভোপাল, ২৪ জানুয়ারি : জাতীয় শিশুকন্যা দিবস উপলক্ষ্যে দেশ ও রাজ্যের কন্যাদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব। প্রতিবছর ২৪ জানুয়ারি দিনটি জাতীয় কন্যা শিশু দিবস পালিত হয়। ২০০৯ সালে কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রক এই দিনটির সূচনা করেছিল। মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদব জাতীয় শিশুকন্যা দিবসে দেশ ও রাজ্যের কন্যাদের অভিনন্দন জানিয়েছেন এবং তাদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেছেন।মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যম এক্স-এ শুভকামনা জানিয়ে লিখেছেন, জাতীয় শিশু কন্যা দিবস উপলক্ষ্যে রাজ্য ও দেশের সমস্ত কন্যাদের সমৃদ্ধ ও মঙ্গলময় জীবনের জন্য আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা! তিনি শুভেচ্ছাবাহিনী আরও লিখেছেন, কন্যাদের শিক্ষিত হতে হবে, বড় স্বপ্ন দেখতে হবে এবং তা সত্যি করতে হবে তবেই একটি শক্তিশালী, সমৃদ্ধ ও সুখী মধ্যপ্রদেশ গড়ার স্বপ্ন পূর্ণ হবে। আসুন আমরা সকলে অঙ্গীকার করি যে আমরা আমাদের কন্যাদের শিক্ষিত ও স্বাবলম্বী করতে সব কিছুই করবো।

নির্মলা সীতারমণকে রামমন্দির উদ্বোধন দেখতে বাধা!কী বলছে ডিমেকে সরকার?

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ গোটা দেশ যখন রাম আবেগে ভাসছে। তখন ঠিক উলটো ছবি তামিলনাড়ুতে।সাধারণ মানুষ তো বটেই খোদ অর্থমন্ত্রী নির্মলা সীতারমণকেও রামমন্দিরের উদ্বোধনী অনুষ্ঠান দেখতে বাধা দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে সে রাজ্যের সরকারের বিরুদ্ধে। গত সোমবার তামিলনাড়ুর কাধীপুরসহর একটি মন্দিরে জয়াস্ট্রি ক্রিন বসিয়ে রামমন্দির উদ্বোধন দেখানোর ব্যবস্থা করে বিজেপি। সেখানেই হাজির থাকার কথা ছিল নির্মলা সীতারমণের। তিনিও সাধারণ মানুষের সঙ্গে রামমন্দির উদ্বোধন দেখার পরিকল্পনা করেন। অভিযোগ, নির্মলা পৌঁছানোর আগেই ওই এলইডি দেখতে দেয় তামিলনাড়ু পুলিশ। বানচাল করে দেওয়া হয় রামমন্দির উদ্বোধন সরাসরি দেখানোর পরিকল্পনা। স্বভাবিকভাবেই এ নিয়ে বাস। বিতর্ক তৈরি হয়ে গিয়েছে। একদিন আগেই অর্থমন্ত্রী অভিযোগ করেছিলেন, তামিলনাড়ুর শাশকমল ডিএমকে রামমন্দিরে প্রাণপ্রতিষ্ঠার অনুষ্ঠানের সরাসরি সম্প্রচারে নিষেধাজ্ঞা জারি করেছে। নির্মলা জানান, তামিলনাড়ুতে প্রায় ২০০ রামমন্দির আছে সরকারি সংস্থার অধীনে। সেই মন্দিরগুলিতেও আগামী ২২ জানুয়ারি সমস্ত পূজা, প্রার্থনায় নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। শুধু ছাড়া নয় অর্থমন্ত্রীর দাবি, তামিলনাড়ুতে রামমন্দির সম্পর্কিত কোনও অনুষ্ঠানও করতে দেওয়া হচ্ছে না। এদিন অর্থমন্ত্রী বলেন, শুধু কাঞ্চিপুরমেই

দুরন্ত বার্তা

পূর্ণাঙ্গ পঞ্জিকা

ক ল ক া ত া ১, ২৫ জানুয়ারি : সোমবার, ১০মাঘ মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৫জানুয়ারি ২০২৩, ৫৩৬ চৈতন্যমাস, কলিঃ ৫১২৩, সৌরঃ১০মাঘ মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাংব, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ৯মাঘ মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১০মাঘ মাস ১৯৪৪, মৈতেঃ১১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত্, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অন্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অন্তঃরাত্রি ১২ঃ১ঃ৬৫ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৬৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবিজি রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৬৮ঃ৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগো অমৃতযোগঃদিন ০৫ঃ২ঃ৪ঃ৩১ থাকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩০ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৬ঃ০৪ থেকে - ০২ঃ৬ঃ২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫ঃ২ঃ০৬ পর্যন্ত, তারপর ০৫ঃ২ঃ২ঃ১২ থেকে - ০৬ঃ২ঃ৫ঃ৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৬ঃ০৬ঃ০২ থেকে - ০৬ঃ৪ঃ২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃঃ৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৬ঃ৫ঃ২ঃ১২ থেকে - ০৫ঃ২ঃ৪ঃ৩২ পর্যন্ত কুলিক বেলঃ দিন ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪ঃ৫২ পর্যন্ত কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ২ঃ৫ঃ৩০ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ১২ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ০৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪ঃ৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত গ্রহস্ক্রুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২ঃ৪ঃ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৬) ২ পদবৃশঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৬ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৬) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৬) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেণ্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৯শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি বুধবার। জ্যোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত্৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ২১মিনিট এবং সূর্য অস্ত্য যাবে : ৫ টা ০৫ মিনিটে।

রাশিফল

মেঘরাশিঃআজকের আকাশদনের মধ্যে খেলাধুলো সংক্রান্ত ত্রিকার লাপ এবং বাইরের অনুষ্ঠান অপরূপ থাকা উচিত। বৃষত রাশিঃসুজনশী শখ আপনাকে চাপমুড়ত রাখবে। আর্থিক লেনদেনে অবিজ্ঞানভাবে সারা দিন চলবে এবং দিন শেষে হওয়ার পরে আপনি যখন শবে মিথুন রাশিঃআজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদি অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। একদিনের জন্য কর্কট রাশিঃমেজাজের গোলমাল একটি বিতর্ক এবং বোঝাপড়ার দিকে এগোতে পাচ্ছে সিংহরাশিঃআপনার বিরাট আস্থা এবং সহজ কাজের সময়সূচী আপনাকে আজ আরাম করতে কন্যারাশিঃবিবাহের যোগ হতে পারে আজ থেকে। সুখ বাধি। তুলারাশিঃআপনি কিছু আশাঘরে সন্মুখীন হলে চরম সাহস এবং শক্তি প্রদর্শন করে প্রয়োজন। বৃশ্চিক রাশিঃ আপনার স্বাস্থ্য এবং সৌন্দর্যের উন্নতি করতে যথেষ্ট সময় থাকবে। কোন দীর্ঘ-স্থায়ী লজ্জি এড়িয়ে চলুন এবং বাইরে ধনু রাশিঃ আপনার বাগের ফলে তুচ্ছ কারণ বা হয়ে দেখা দেবে- যা শুধুমাত্র আপনার পরিবারের সদস্যদের বিপর্যস্ত করবে। মকর রাশিঃআপনার ব্যক্তিগত সমস্যা মানসিক সুখ সন্তাপ করতে পারে। কিন্তু এই চাপ সন্তাপেরে আকর্ষণীয় কিছু পড়ার মাধ্যমে মানসিক ব্যায়ামে নিজেদের জড়িয়ে রাখুন। কারো কারো কুস্ত রাশিঃআপনার অসাধারণ মেধা ক্ষমতার আপনার অক্ষমতায়ে জয় করতে সাহায্য করবে। শুধুমাত্র ইতিবাচক চিন্তার মাধ্যমেই আপনি আপনার এই সমস্যার সমাধান করতে পারবেন। আজকে সাফল্যের সূত্রই হল এমন মানুষের উপদেশে পরয়া লাগণো যারা উদ্ভাবনমূলক এবং যারা নীল রাশিঃসুসৌহার দিক থেকে এটি অত্যন্ত ভালো দিন। আপনার মনের উচ্ছল অবস্থা আপনাকে কাঙ্ক্ষিত বলে এমন দেবে এবং প্রত্যয়ী করে

রাজ্যের প্রাক্তন ক্রীড়াবিদদের মাসিক সাম্মানিক দেওয়ার সিদ্ধান্ত রাজ্যের

দূরন্ত বার্তা, কলকাতা, ২৪ জানুয়ারিঃ রাজ্য সরকার বিভিন্ন ক্ষেত্রে রাজ্যের প্রাক্তন ক্রীড়াবিদদের মাসিক সাম্মানিক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল দক্ষিণ কলকাতার আলিপুরের ধনধানী অভিটোরিয়ামে প্রস্তাবিত এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে এই প্রকল্পের সূচনা করবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পাশাপাশি জাতীয়স্তরে বিভিন্ন প্রতিযোগিতায় সাফল্য পাওয়া রাজ্যের ক্রীড়াবিদদের আর্থিক পুরস্কার সহ সংবর্ধিত করবেন তিনি।

সাধারণতন্ত্র দিবস উপলক্ষে মেট্রো রেলের বিভিন্ন স্টেশনে নজরদারি বৃদ্ধি

দূরন্ত বার্তা, কলকাতা, ২৪ জানুয়ারিঃ ৭৫ তম সাধারণতন্ত্র দিবস উপলক্ষে যাত্রীদের নিরাপত্তা সুনিশ্চিত করতে মেট্রো রেল তাদের বিভিন্ন স্টেশনে নজরদারি বৃদ্ধি করেছে। কোন নাশকতামূলক ঘটনা ঘেন না ঘটে, তার জন্য বিভিন্ন স্টেশনে অতিরিক্ত আরপিএফ এবং ক্রাইম ইন্সটেলিজেন্স ব্রাঞ্চ ও স্পেশাল ইনটেলিজেন্স ব্রাঞ্চের কয়েকটি দলকে মোতায়েন করা হয়েছে। এছাড়াও থাকছে ডগ স্কোয়াড। সিসিটিভির পাশাপাশি কুইক রেসপন্স টিমকে কাজে লাগানো হচ্ছে বলে আজ মেট্রো রেলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে। সন্দেহজনক কোন বস্তু দেখলেই তল্লাশি করা হচ্ছে বলে জানানো হয়েছে। গাড়ি পার্কিং এলাকাগুলিতে অতিরিক্ত নজরদারি রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

১৭৬০ কোটি টাকা ব্যয়ে বৃহত্তম জল শোধনাগার গড়ে উঠতে চলেছে রাজ্যে



দূরন্ত বার্তা, কলকাতা, ২৪ জানুয়ারিঃ বৃহত্তর কলকাতার ক্রমবর্ধমান জনসংখ্যা ও তার সঙ্গে ভাল মিলিয়ে বেড়ে চলা পানীয় জলের চাহিদা মেটাতে রাজ্য সরকার নতুন জল শোধনাগার তৈরির কাজে হাত দিয়েছে। কলকাতার উপকণ্ঠে হুগলি জেলার উত্তরপাড়া-কোতরং পুরসভার হিন্দুমোড় এলাকায় ১৭৬০ কোটি টাকা ব্যয়ে রাজ্যের বৃহত্তম জল শোধনাগার গড়ে উঠতে চলেছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। এই পানীয় জল প্রকল্প গড়ে উঠলে ৭টি পুরসভা এবং ৬টি গ্রাম পঞ্চায়েতের প্রায় ২০ লক্ষ মানুষ উপকৃত হবেন। এই প্রকল্পটি গড়ে উঠলে সেখানে প্রতিদিন ৫৫ গ্যালন জল পরিষ্কৃত করা যাবে। জানা গিয়েছে, হিন্দুমোড় এলাকায় যেখানে একটি ফিল্ম সিটি গড়ে তোলার জন্য জমি বাছা হয়েছিল সেখানেই এই জল শোধনাগার গড়ে উঠবে। এই প্রকল্পটি টালা ট্যাক্সের ৬ গুণেরও বেশি জল ধারণ করতে পারবে। উত্তরপাড়া- কোতরং, কোলমার, রিষড়া, শ্রীরামপুর, বৈদ্যবাটি, চাঁপবানি ও ডানকুনি পুরসভা সহ আশেপাশের আরও ৬টি গ্রাম পঞ্চায়েত এলাকায় পানীয় জল সরবরাহের জন্য ৬০টি ওভারহেড ও ৭টি ভূগর্ভস্থ জলধার গড়ে তোলা হচ্ছে। গঙ্গা থেকে জল তুলে তা হিন্দুমোটের শোধনাগারে নিয়ে আনতে নলীতে একটি ইনটেক জেটি স্থাপন করা হয়েছে। বসানো হচ্ছে পাইপ লাইনও।

কলকাতা পুলিশ শহরের বিভিন্ন জায়গায় জোরদার করেছে নিরাপত্তা

দূরন্ত বার্তা, কলকাতা, ২৪ জানুয়ারিঃ এইদিকে সাধারণতন্ত্র দিবস উপলক্ষে কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে কলকাতা পুলিশ শহরের বিভিন্ন জায়গায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে। শপিং মল, জনবহুল স্থানগুলিতে নজরদারি বাড়ানো হয়েছে বলে লালবাজার সূত্রে জানা গিয়েছে। গত কয়েক দিনে শহরের বিভিন্ন হোটেলে কারা এসেছেন বা আগামী কয়েক দিন কাাদের আসার কথা রয়েছে সেই বিষয়ে পুলিশকে তথ্য সংগ্রহ করতে বলা হয়েছে। গোয়েন্দা বিভাগের তরফে বিভিন্ন গুরুত্বপূর্ণ মোড়ে নাকা তল্লাশি চালানো হচ্ছে। রেড রোড ও সংলগ্ন এলাকায় কুচকাওয়াজ অনুষ্ঠানের জায়গাকে কয়েকটি জোনে ভাগ করে দুই হাজারের বেশি পুলিশ কর্মী মোতায়েন করার কথা বলা হয়েছে।

রাজ্যপাল সিভি আনন্দ বোস এর সঙ্গে বৈঠক মমতার

কলকাতা, ২৪ জানুয়ারি ঃ বুধবার বিকেলে হুগাই রাজভবনে পৌঁছে গেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন বিকেল ৫ টা ২৭ মিনিট নাগাদ মুখ্যমন্ত্রী রাজভবনে প্রবেশ করেন। সেখানে রাজ্যপালের সঙ্গে বেশ কিছুক্ষণের বৈঠক হয় মুখ্যমন্ত্রীর।এদিনের বৈঠক নিয়ে রাজভবন বা নবান্ন সূত্রে কোন তথ্য দেওয়া হয়নি। তবে অনুমান, মূলত তিনটি বিষয় নিয়ে দুই পক্ষের বৈঠক হয়। প্রথমত, ২৬ জানুয়ারি রাজ্যপালকে অমন্ত্রণ জানাতে পারেন মুখ্যমন্ত্রী অন্যদিকে

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ নিয়ে যে সুপ্রিম কোর্টের যে মামলা চলছে সে মামলা নিয়ে আলোচনা হতে পারে।

একইভাবে আগামী পাঁচ ফেব্রুয়ারি রাজ্য বিধানসভায় বাজেট অধিবেশন শুরু হবে। কিন্তু বিগত যে অধিবেশন চলেছিল তারই কোন ক্রোজিং হয়নি। কিন্তু যে কোন অধিবেশন শুরুর আগে রাজ্যপালের অনুমতি লাগে এ ক্ষেত্রে যেহেতু অধিবেশন শেষ হয়নি। তাহলে এ তারিখের অধিবেশন শুরুটা হবে কিভাবে সেই জট কটাইই আজকের বৈঠক হয় বলে বিভিন্ন মহল মনে করছে।

অনুপ্রবেশ ও চোরা চালান বন্ধ করে সুন্দরবনকে সুরক্ষিত করতে এবার বিএসএফের মেরিন ব্যাটেলিয়ানের ব্যবস্থা

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, সুন্দরবন, ২৪ জানুয়ারিঃ পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্য সুন্দরবন। একদিকে ভারতীয় সুন্দরবন অপরদিকে বাংলাদেশের আন্তর্জাতিক জল সীমান্ত। রায়মঙ্গল, ইছামতি, সাহেবখালি ও কালিন্দী সহ একাধিক নদী ভারত ও বাংলাদেশের মধ্যে দিয়ে বয়ে চলেছে। এই জলপথে কড়া নিরাপত্তার বেষ্টনী রয়েছে বিএসএফের। সুন্দরবনের মোট ১০৫ টি দ্বীপ রয়েছে তার মধ্যে ১০০টি মানুষজন বসবাস করে এবং ৫ টি দ্বীপ বনদপ্তরের তত্ত্বাবধানে আছে। মূলত এই পাঁচটি দ্বীপকে অভয় অরণ্য চিহ্নিত করেছে বনদপ্তর। ভারতে মোট ৯৬৩০ বর্গ কিমি এলাকা জুড়ে রয়েছে সুন্দরবন।সুন্দরবনের বেশির। ভাগ অংশই ভারতের প্রতিবেশী দেশ বাংলাদেশের দখলে।মূলত ভারত আর বাংলাদেশের মধ্যে যেআন্তর্জাতিক জলসীমা রয়েছে সেই জলসীমাকে

আরো শক্তিশালী ও নিরাপদ করার লক্ষ্যে এবার পরিকল্পনা নিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।মূলত খুব সহজেইসন্ত্রাসবাদীরা এক দেশ থেকে অন্য দেশে এই আন্তর্জাতিক জল সীমানা পেরিয়েই অন্য দেশে অতি সহজেই প্রবেশ করে। এই অনুপ্রবেশ ঠেকাতেই এবার বিশেষ ব্যবস্থা নিতে চলেছে স্বরাষ্ট্র মন্ত্রক।মূলত সুন্দরবনকে সুরক্ষিত ও অনুপ্রবেশ ঠেকাতে এবার তিনাটিরও বেশি ভাসমান আউটপোস্ট তৈরি করা হয়েছে।১১০০ জনের বেশি বর্টার সিকিউরিটি ফোর্সের আধিকারিকেরা টহল দেবে সুন্দরবনের বিভিন্ন জঙ্গলে। এছাড়াও চল্লিশটিরও বেশি ড্রোনের মাধ্যমে নজরদারি চালানো হবে গোটা সুন্দরবন জুড়ে। ইতিমধ্যেই সুন্দরবনকে সুরক্ষিত করার জন্য ও অনুপ্রবেশ ঠেকাতে ১২ থেকে ১৪ টির এনটিভি মোতায়েন করা হয়েছে সুন্দরবনের বিভিন্ন নদীতে। প্রসঙ্গত, বর্তমানে প্রায় ৫০ টি



হোট্ট এবং বড় শিপড বোটের মাধ্যমে ভারতীয় জল সীমানায় নজরদারি চালাচ্ছে বর্টার সিকিউরিটি ফোর্স। এছাড়াও বেশ কিছু বড় জাহাজের মাধ্যমে নজরদারি চালানো হচ্ছে। সীমান্ত বাহিনীকে ভারতের পূর্ব দিকের ভারত-বাংলাদেশ সীমান্তের পুরো ৪০৯৬ কি,মি পাহারা দেওয়ার

দায়িত্ব দেওয়া হয়েছে। যার মধ্যে ২২১৬.৭ কিমি পশ্চিমবঙ্গে অবস্থিত। এই ২২১৬.৭ কিমির মধ্যে তিনশো কিলোমিটার হল সুন্দরবনের নদী সীমানা।এই বাহিনীটি পশ্চিমবঙ্গ সরকারের কাছে তার পরিকল্পনার কথা জানিয়েছে যাতে সুন্দরবনে অবস্থিত বন বিভাগের চৌকিতে

তাদের টহল দেওয়ার দলগুলির একটি ছোট দল (পায়ে টহলরত কর্মী) স্থাপনের জন্য অনুমোদন চেয়েছে, যা দুটি জেলার অধীনে পড়ে উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনা।স্বরাষ্ট্রমন্ত্রক ২০১৯ সালে মোট ৯টি ভাসমান আউটপোস্টের অর্ডার দিয়েছিল কোচিন শিপইয়ার্ড লিমিটেডকে।

তিন ক্ষেপে তিনটি তিনটি করে এই ভাসমান বর্ডার আউটপোস্ট (ফ্লোটিং বর্ডার আউটপোস্ট) সরবরাহের কথা ছিল কোচিন শিপইয়ার্ডের।গত বছরের ২৬শে জানুয়ারি প্রজাতন্ত্র দিবসে তিনটি অত্যাধুনিক জাহাজ বিএসএফের

সুন্দরবন

হাতে তুলে দেয় কোচিন শিপইয়ার্ড লিমিটেড।

সেই তিনটি তরীর নাম সীমা প্রহরী নর্মদা, সীমা প্রহরী কাবেরী ও সীমা প্রহরী সূতলেজ। এই জাহাজগুলি ৪৬ মিটার লম্বা ও ১২ মিটার চওড়া। চারটি পেট্রোলিং বা শিপড বোট বহনে সক্ষম এই জাহাজ।ভারত ও বাংলাদেশের মধ্যে সীমান্ত লাগোয়া সুন্দরবনের প্রতিটি প্রান্তে গিয়ে এরা নজরদারি চালাতে পারবে।আর এদের মাধ্যমে সুন্দরবনের অনুপ্রবেশ ও চোরাচালান বন্ধ করতে চায় স্বরাষ্ট্র মন্ত্রক।

তৃণমূলের সঙ্গে যোগাযোগ রাখলে ফল ভাল হবে না, হুঁশিয়ারি সেলিমের

দূরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ চলতি বছরে ২৬ জানুয়ারি একই মঞ্চে দেখা গিয়েছিল শম- তৃণমূলকে মালদহ শহরে নেতাজিকে একইসঙ্গে শ্রদ্ধা জানাতে দেখা গিয়েছিল সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, তৃণমূল নেতা কৃষ্ণেন্দু নারায়ন চৌধুরীকে। যদিও সেলিমের কথায় , নেতাজিকে নিয়ে কোনও রাজনীতি হচ্ছে না। ওটা পৌরসভার অনুষ্ঠান। তবে লোকসভা ভোটের আগে তৃণমূলের সঙ্গে সিপিএমের ইন্ডিয়া জোটে থাকা নিয়ে জটের জল ক্রেশ শ বেড়েই যাচ্ছে। কখনও মমতার বিরুদ্ধে আক্রমণ আসছে বাম শিবির থেকে। আবার কখনও



বামেদের পাষ্টা দুখনে তৃণমূল নেতারা। এই প্রেক্ষাপটে সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম

হুঁশিয়ারির পরেই ফের তা নিয়ে জোর শোরগোল শুরু হয়ে গিয়েছে রাজনৈতিক মহলে। প্রসঙ্গত, কয়েকদিন আগেই কোচবিহারে বড়সড় ভাঙন দেখা গিয়েছিল সিপিএমের ছাত্র সংগঠন এসএফআইয়ে।

বহিস্কার হতে না হতেই রাতারাতি তৃণমূলে যোগ দিতে দেখা গিয়েছিল এসএফআইয়ের সদ্য প্রাক্তন কোচবিহার জেলা সভাপতি কৌশিক ঘোষ। যদিও বামেদের অভিযোগ, দল বিরোধী কাজ করছিলেন কৌশিকা। বিরোধী সংগঠনের সঙ্গে যুক্ত থাকার কারণেই তাঁকে সংগঠন থেকে বহিস্কার করা হয়েছিল।

নির্জলা হতে চলেছে দক্ষিণ কলকাতা

কলকাতা পুরনিগমের তরফে দেওয়া হল নোটিস



দূরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ দক্ষিণ কলকাতার বিস্তীর্ণ অঞ্চলে জল পরিসেবা বন্ধ থাকতে চলেছে। গার্ডেনরিচ জল পরিশোধন প্রকল্পের জল সরবরাহকারী পাইপগুলির বেশ কয়েকটি জয়গায় ক্রটি মোরামত, নতুন ভালত প্রতিস্থাপন ও রক্ষণাবেক্ষণ এবং একাধিক বৃষ্টির পাম্প মোরামত করার সিদ্ধান্ত নিল

কলকাতা পুরসভা। যে কারণে আগামী ২৭ জানুয়ারি শনিবার গার্ডেনরিচ প্রকল্প থেকে বেহালা, রানিকুটি, গড়কা, কালীঘাট, চৈতলা, বাঁশদ্রনী, সেনাপল্লী, লালকা,পর্শদী বৃষ্টির পাল্পিং স্টেশনে জল সরবরাহ বন্ধ রাখা হবে। এর প্রভাব পড়বে দক্ষিণ কলকাতার বিস্তীর্ণ অংশে। ৮ থেকে ১৪ বরোর সবকটি ওয়ার্ডে জল বন্ধ থাকবে। অর্থাৎ টলিগঞ্জ, যাদবপুর, চৈতলা, বেহালা, গড়িয়াহাট, কনবা, দক্ষিণ কলকাতার ই এই বাইপাস লাগোয়া ওয়ার্ডগুলির বাসিন্দারা শনিবার রাত পর্যন্ত আর জল পাবেন না। পরদিন অর্থাৎ রবিবার ২৮ জানুয়ারি থেকে পরিস্থিতি আবার স্বাভাবিক হবে। জল সরবরাহ বিভাগের ডিজি মৈনাক

মুখোপাধ্যায় বলেন, ‘‘গার্ডেনরিচ জল প্রকল্প থেকে জল সরবরাহের গতি বেড়েছে। উৎপাদন বেড়েছে। ফলে প্রকল্পের সঠিক রক্ষণাবেক্ষণ জরুরি।

যে কারণে মাঝে মধ্যে মোরামতের কাজ করতে হয়। একটা দিন জল বন্ধ রেখে আমরা পুরো প্রক্রিয়া সম্পন্ন করি। আগামী শনিবার এই ক্রটি মোরামতের জন্য জল বন্ধ থাকবে। রবিবার থেকে পরিস্থিতি স্বাভাবিক হবে। দক্ষিণ কলকাতার একটা বিস্তীর্ণ অংশ জলে বন্ধ থাকবে শনিবার। সে বিষয়টি আগেও এরিয়া ভিত্তিতে জনপ্রতিনিধিদের দ্বারা জানিয়ে দেওয়া হচ্ছে ইতিমধ্যেই। আগে থেকেই ব্যবস্থা নিয়ে রাখতে বলা হয়েছে।

কলকাতায় জাঁকিয়ে শীত, বৃহস্পতিবার থেকে নামবে তাপমাত্রা

কলকাতা, ২৪ জানুয়ারিঃ কলকাতায় ফের জাঁকিয়ে শীত পরতে চলেছে। জানিয়ে দিল আলিপুর আবহাওয়া দফতর। বুধবার সাংবাদিক বৈঠকে অধিকর্তা গণেশ দাস জানান, কলকাতায় বৃহস্পতিবার থেকে তাপমাত্রা নামতে চলেছে। তাপমাত্রা কমপক্ষে ২-৩ ডিগ্রি নামতে পারে। এর ফলে কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ১৪ ও সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রির অসোপাশে থাকবে। অন্যদিকে আগামী ২৬ জানুয়ারি কলকাতায় বৃষ্টির সম্ভাবনা থাকছে না। পাশাপাশি ঝাউখণ্ড তেলেন্দুনা ও ছত্রিশগড়ের ওপর অবস্থিত অক্ষয়খাটি ক্রমশ কলকাতার দিকে সরে আসছে। তাই

সকাল থেকেই তিলোত্তমা রোদের দেখা নেই। সারাদিন মেঘলা আকাশ ও টিপিটিপ বৃষ্টির ধারা চলছে। দক্ষিণবঙ্গের বীরভূম ও মর্শিদাবাদ জেলা ছাড়া প্রায় সব জেলাতেই কলকাতার মত বৃষ্টিপাত দেখা যাবে। তবে বৃহস্পতিবার থেকে আকাশ পরিষ্কার থাকার সম্ভাবনা রয়েছে। এছাড়াও উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিংগ লহকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল কলকাতা, দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, হাওড়া, হুগলি, দুই দিনাজপুর, মর্শিদাবাদ, বীরভূম জেলায় কুয়াশার দাপট থাকবে। এমনটাই জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

নিয়ে এসেছি। তাঁর সম্পর্কে জানাটা সকলের দরকার।’ এদিন মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো দেশপ্রেমিক দিবস পালন করা হয় বলে জানান নেতাজি কৃষ্টি সংসদের সম্পাদক তথা রাজপুর সোনারপুর পুরসভার চেয়ারম্যান পল্লব দাস। তিনি বলেন, ‘নেতাজিকে শ্রদ্ধা জানিতে যা যা করণীয় সবই করা হয়েছে। ছোটদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান হয়েছে।’ উল্লেখ্য, ২০১৬ সালের ২২ জানুয়ারি দক্ষিণ ২৪ পরগনায় একটি সরকারি সভা থেকে ফেয়ার পথে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নেতাজির ‘পৈত্রিক বাসভবনে আসেন। বাড়ির ভগ্নদশা দেখে তিনি অবাক হয়ে যান। তারপর হেরিটেজ কমিশন ও রাজ্যের পূর্ত দপ্তর মিলে ওই বাসভবনের সংস্কার শুরু করে। বসু পরিবারের সম্মতিতে কলকানীখ বসু বাড়িটিকে যে ভাবে তৈরি করেছিলেন, ঠিক সেই ভাবেই বাড়িটি সংস্কার করা হয়।

নার্সিংহোমে ফেলে চলে গিয়েছে পরিবার বৃদ্ধকে নতুন ঘর খুঁজে দিল পুলিশ



সোজা চলে আসে নার্সিংহোমে। বৃদ্ধের সঙ্গে কথা বলেন পুলিশের কর্তা। শুরু হয় তাঁর থাকার নতুন চিকান। উত্তরপাড়া থানার এসআই কৃষ্ণধন চট্টোপাধ্যায় বলছেন, ‘‘নার্সিংহোম থেকেই পুলিশকে জানানো হয়েছিল। তারপরই আমরা ঘটনাটা খতিয়ে দেখা। দেখা যায় পরিবারের লোকজন ওনাকে আর ফেরাতে চাইছেন না। এরপরই আমরা আমাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টা জানাই। বৃদ্ধাশ্রমের খোঁজ বৃদ্ধা। শেষ পর্যন্ত নার্সিংহোম থেকে পুলিশকে জানানো হয়। এরপরই চলে। অনেক চেষ্টার পর চুঁচুড়ায় একটা বৃদ্ধাশ্রমের খোঁজ মেলে। পুলিশের উদ্যোগকে সাধুবাদ

জানাচ্ছেন এলাকার বাসিন্দারা। এক স্থানীয় বাসিন্দা বলছেন, ‘‘খুবই ভাল কাজ হল। শেষ পর্যন্ত একটা বৃদ্ধাশ্রম পেলেন। একটা থাকার জায়গা পেলেন। আশা করি এবার উনি ভালভাবে থাকতে পারবেন। তবে সমাজ এখন যেদিকে যাচ্ছে তা খুব একটা ভাল নয়। অনেক ছেলেমেয়েই মা-বাবকে যাচ্ছে বাড়িতে রেখে বাইরে চলে যাচ্ছে। অনেকে ফ্ল্যাটের মধ্যেই মারা যাচ্ছেন। এ ঘটনাও বারবার দেখা যাচ্ছে। আমরা যদি সবাই এই বিষয়গুলি ভেবে দেখি। তাহলে একটা সমাজটা একটু বদলাতে পারে।

লক্ষ টাকা ব্যয়ে সেজে উঠছে সুভাষচন্দ্রের পৈত্রিক ভিটে

দূরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ দেশনেতা সুভাষ চন্দ্রের পৈত্রিক ভিটে সুভাষগ্রামের কোদালিয়া। সেই পৈত্রিক ভিটে, বাড়ির সামনে পুকুর, রাস্তা, বাগান সব কিছু ঢেলে সাজাতে নতুন করে আরও ৬০ লক্ষ টাকা বরাদ্দ করেছে রাজ্য সরকার। নেতাজির জন্মদিনে তাঁর পৈত্রিক ভিটেয় দাঁড়িয়ে এমনই ঘোষণা করলেন নেতাজি কৃষ্টি কেন্দ্রের প্রধান তথা রাজপুর-সোনারপুর পুরসভার চেয়ারম্যান পল্লব দাস। তিনি বলেন, ‘এর আগে রাজ্য সরকারের বরাদ্দ টাকায় নেতাজির বাড়ি, মিউজিয়াম সাজানো হয়েছে। এ বার নতুন করে ষাট লক্ষ টাকা বরাদ্দ করেছে সরকার। সেই টাকায় সাজানোর কাজ তাড়াতাড়ি শুরু হবে।’ এ দিন কোদালিয়াতে দিনভর নানাবিধ সাংস্কৃতিক কর্মসূচির আয়োজন করছেলি নেতাজি কৃষ্টি কেন্দ্র। উপস্থিত ছিলেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শান্তজ্ঞানন্দ




মহারাজ, সোনারপুর দক্ষিণের বিধায়ক লাভলি মৈত্র ও বারুইপুরের পুলিশ সুপার পলাশচন্দ্র ঢালি। প্রথা অনুযায়ী নেতাজির জন্মসময় ১২টা ১৫ মিনিটে সাজানো হয়েছে। শঙ্খধ্বনি ও ব্যাজ সহযোগে অনুষ্ঠানের সূচনা হয়।

খুলে দেওয়া হয়েছিল নেতাজির নামক্কিত সংগ্রহশালা। যেখানে নেতাজির ব্যবহৃত খাট, চেয়ার, টেবিল, খালা, গ্লাস প্রভৃতি রাখা আছে। যা দেখতে সকাল থেকেই দেখতে ভিড় করেন কোদালিয়ায় নেতাজির জন্মভিটেয়।

সোনারপুরের বাসিন্দা শিবম মণ্ডল বলেন, ‘আজকের দিনে এখানে আসা একটা ইমোশান। তাই সকাল সকাল স্নান করে চলে এসেছি।’ ক্যানিং থেকে নেতাজির বাড়ি দেখতে এসেছিলেন শশীভূষণ মইতি। তিনি বলেন, ‘নাতিকে

রাহুলের নিরাপত্তা নিয়ে উদ্বেগ খাড়ে, চিঠি দিলেন শাহকে

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ গত ১৪ জানুয়ারি মণিপুর থেকে শুরু হয়েছে ভারত জোড়ো ন্যায় যাত্রা। মেঘালয় হয়ে তা অসমে প্রবেশ করেছে। মঙ্গলবার গুয়াহাটিতে ভারত জোড়ো ন্যায় যাত্রা পৌঁছতেই অশান্তি শুরু হয়। ব্যারিকেড দিয়ে শহরে ঢোকার রাস্তা বন্ধ ছিল। সেই ব্যারিকেড টপকেই শহরে ঢোকার চেষ্টা করেন কংগ্রেস কর্মীরা। এই নিয়েই পুলিশের সঙ্গে ধম্ভাধম্ভি, হাতাহাতি শুরু হয়। হিংসায় উসকানি দেওয়ার অভিযোগে রাহুল গান্ধীর বিরুদ্ধে এফআইআর দায়ের করতে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা। সেই মহতো রাহুল গান্ধী, কেসি বেণুগোপাল সহ এাধিকার নেতার



নামে এফআইআর করা হয়। এ ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি লেখেন কংগ্রেসের সভাপতি মল্লিকার্জুন খাড়ে। চিঠিতে তিনি লেখেন, রাহুল গান্ধী জেড প্লাস নিরাপত্তা পাওয়ার কথা। কিন্তু



গতকাল এাধিকার এমন দৃশ্য দেখা গিয়েছে যেখানে অসম পুলিশ চূপচাপ দাঁড়িয়ে থাকেছে, নিরাপত্তা বেষ্টনী ভেঙে বিজেপি কর্মীদের রাহুল গান্ধীর কনভয়ের কাছে আসতে দিয়েছে। রাহুল গান্ধী ও তার সঙ্গে থাকা সকলের নিরাপত্তা

প্রশ্নের মুখে পড়েছে।চিঠিতে তিনি ভারত জোড়ো ন্যায় যাত্রার পোস্টার ছেড়া, যাত্রায় বাধা দেওয়া ও রাজ্য কংগ্রেস সভাপতি ভূপেন বোরার উপরে হামলার ঘটনাও উল্লেখ করেন তিনি। প্রমাণ থাকা সত্ত্বেও অভিযুক্তদের গ্রেফতার করা হয়নি বলে অভিযোগ করেন কংগ্রেস সভাপতি।ভারত জোড়ো ন্যায় যাত্রায় যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে এবং রাহুল গান্ধীর কোনও গুরুতর আঘাত না লাগে, তার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী হস্তক্ষেপের অনুরোধ করেন মল্লিকার্জুন খাড়ে। কংগ্রেস নেতাদের অভিযোগ, ইচ্ছাকৃতভাবে রাহুল গান্ধীর ভারত জোড়ো যাত্রায় বাধা সৃষ্টি করা হচ্ছে।

অস্কার দৌড়ে ভারতের গল্প, মনোনয়ন পেল ‘টু কিল আ টাইগার’

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ ভারতীয় বংশোদ্ভূত নিশা পাঙ্জার তৈরি ডকুফিচার ‘টু কিল আ টাইগার’ অস্কারে সেরা ফিচার তথ্যচিত্র বিভাগে মনোনয়ন পেল। এই তথ্যচিত্রে লড়াবু এক বাবার গল্প উঠে আসবে। যার ময়েকে ধর্ষণ করে তিন ব্যক্তি। সন্তানের জন্য ন্যায়বিচারের লড়াইকে কেন্দ্র করেই আর্ভর্তিত হয় ‘টু কিল আ টাইগার’। নিশা পাঙ্জা ভারতীয় কন্যা হলেও, ছোটবেলা থেকেই রয়েছেন কানাডায়।

সেখানেই পড়াশুনা তাঁরা। কানাডার চলচ্চিত্র নির্মাতার জন ওয়ালকার ও আলি কাজিমির সঙ্গে গাঁছড়া বেঁধে কাজ শুরু করেন নিশা। টোরন্টো ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভাল ২০২২-এ সেরা কানাডিয়ান ফিচার ফিল্মের জন্য অ্যামপ্লিফাই ভলুমে অ্যাওয়ার্ড জিতেছিল ‘টু কিল আ টাইগার’।

নেতাজির স্বপ্ন এখনও অধরা, বলছেন সংঘ প্রধান মোহন ভাগবত



দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্কঃ নেতাজী সুভাষচন্দ্র বসুর জন্ম-জয়ন্তিতে বারাসতে জনসভা করেন আরএসএস প্রধান মোহন ভাগবত। গতকালের এই জনসভা থেকে আরএসএস প্রধানের মুখে একদিকে যেমন উঠে এল মহাত্মা গান্ধীর কথা। তেমনি তিনি তুলে ধরলেন নেতাজীর চিন্তাভাবনা। দেশের

স্বাধীনতা আন্দোলনে নেতাজীর ভূমিকা নিয়ে আলোচনা ভাবে কিছু বলা মানে ধৃষ্টতা দেখানো। ভারতের নতুনভাবে উত্থানের পিছনে এই দেশ নায়কের যে ভূমিকা রয়েছে তা বলার অপেক্ষা রাখে না। দেশবাসীর মধ্যে নতুন চিন্তনের প্রবেশ করেছেন তিনি। মোহন ভগবত বলেছেন, ‘আমাদের দেশে সেই সময় জন

সংখ্যা কম ছিল না। সংখ্যায় কম ছিলেন ইংরেজরা। কিন্তু তারপরও ওরা দখল করেছিল এ দেশের মাটি। নেতাজীকে ভাবিয়েছিল এরপরও কীভাবে আমাদের দেশ হেরে যায়? মোহন জী মনোস্থান করেছেন সেই ইতিহাস। যে সময় কংগ্রেস ছাডেন সুভাষা বরাবরাই মহাত্মা গান্ধীর সঙ্গে সুভাষচন্দ্র বসুর মতভেদের কারণ ছিল মতাদর্শগত। মূলত গান্ধজী ছিলেন দক্ষিণপন্থী এবং নরমপন্থী স্বভাবের মানুষ। আর নেতাজী একদম বিপরীত। তিনি ছিলেন বামপন্থী মতাদর্শে বিশ্বাসী, চরমপন্থী নেতা। ফলে মতাদর্শগত পার্থক্য ছিল উভয়ের মধ্যে। এমনকী কংগ্রেসের সভাপতির পদ তাগ করেন। এই প্রেক্ষিতেই মোহন বলেছেন, উভয়ের মধ্যে মতভেদ ব্যক্তিগত স্তরে থাকলেও, কখনও নিজেদের মধ্যে বগড়া করেননি। আরএসএস প্রধান বলেন, ‘‘এত মতামত থাকার পরও তিনি নিরবে পদ ছেড়ে গিয়েছিলেন।

বিদেশের বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া, ছাত্র হিসেবে কেমন ছিলেন শাহরুখ পুত্র

